# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৫৪

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقَاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - ভয় ও কান্না

## اَلْفصْلُ الثَّنِفْ (بَاب الْبكاء وَالْخَوْف)

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ أَبُو بَكْرٍ: يَا رَسُولَ اللَّهِ قَدْ شِبْتَ. قَالَ: شَيَّبَتْنِي (هود) و (المرسلات) و (عمَّ يتساءلون) و (إِذا الشَّمْسُ كُوِّرَتْ) رَوَاهُ التِّرْمِذِيُّ وَذُكِرَ حَدِيثُ أَبِي هريرةَ: لَا يلج النَّار «فِي» كتاب الْجِهَاد

سنده ضعيف ، رواه الترمذی (3297) * ابو اسحاق عنعن و للحديث شواهد ضعيفة و روى الطبرانی فی الكبير (17 / 286 ۔ 287 ح 790) بسند حسن عن عقبة بن عامر رضی اللہ عنہ ان رجلاً قال : يا رسول اللہ ! شبت ؟ قال : ((شيتنى هود و اخواتها)) وهو يغنى عنہ ۔ 0 حديث ابی هريرة : لا يلج النار ، تقدم (3828) ۔

বাংলা

৫৩৫৪-[১৬] ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আবূ বকর (রাঃ) বললেন, হে আল্লাহর রসূল! আপনি তো বৃদ্ধ হয়ে গেছেন। উত্তরে তিনি (সা.) বললেন, সূরাহ্ হূদ, ওয়াকি’আহ্, মুরসালাত, ’আম্মা ইয়াতাসা- আলূন ও ইযাশ শামসু কুভভিরাত ইত্যাদি আমাকে বৃদ্ধ করে ফেলেছে। (তিরমিযী)
এ ব্যাপারে আবূ হুরায়রাহ্ (রাঃ) বর্ণিত হদীস (لَايَلِجُ النَّارَ...) “যারা আল্লাহর ভয়ে ক্রন্দন করবে তারা জাহান্নামে প্রবেশ করবে না” কিতাবুল জিহাদে উল্লেখ হয়েছে।

ফুটনোট

সহীহ : প্রাগুক্ত। (তিরমিযী ৩২৯৭, সিলসিলাতুস সহীহাহ্ ৯৫৫, মুসনাদে বাযযার ৯২, আবূ ইয়া'লা ৮৮০, আল মু'জামুল কাবীর লিত্ব ত্বাবারানী ১৭৭৭৪।)

ব্যাখ্যা

ব্যাখ্যা : (شَيَّبَتْنِي هود و المرسلات...) আমাকে সূরাহ্ হূদ, ওয়াকি'আহ্, মুরসালাত, ‘আম্মা ও ইযাশ শামসু কুভভিরাত সূরাহ্ বার্ধক্যে উপনীত করেছে। কেননা এই সূরাগুলোতে কিয়ামতের ভয়ানক অবস্থার বর্ণনা করা হয়েছে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85333

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন